গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
(নার্সিং শিক্ষা শাখা)
www.mefwd.gov.bd

DPM

নং- ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০২.২০২২- ১২৮ তারিখঃ ০৯-০৬-২০২২ খ্রিঃ

## অফিস আদেশ

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাভূক্ত সকল নার্সিং ইনস্টিটিউট এবং নার্সিং কলেজের নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে একাডেমিক ও শৃঙ্খলা কাউন্সিল কমিটি নির্দেশক্রমে নিম্নরূপভাবে পুনরায় গঠন করা হলো:-

(ক) বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কারিকুলামের জন্য প্রস্তাবিত একাডেমিক ও শৃঙ্খলা কাউন্সিল কমিটি:-

| ক্রম. | প্রতিষ্ঠান ও পদের নাম | কমিটির পদের নাম |
|---|---|---|
| ১. | তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, সংশ্লিষ্ট জেলা | - সভাপতি |
| ২. | সেবা তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৩. | জেলা পাবলিক হেলথ নার্স, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৪. | নার্সিং ইনস্ট্রাক্টর, সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট (০১ জন) | - সদস্য |
| ৫. | অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট | - সদস্য সচিব |

(খ) বিশ্ববিদ্যালয়/মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত কারিকুলামের জন্য প্রস্তাবিত একাডেমিক ও শৃঙ্খলা কাউন্সিল কমিটি:-

| ক্রম. | প্রতিষ্ঠান ও পদের নাম | কমিটির পদের নাম |
|---|---|---|
| ১. | তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, সংশ্লিষ্ট জেলা | - সভাপতি |
| ২. | ডিন, নার্সিং অনুষদ, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি | - সদস্য |
| ৩. | সেবা তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৪. | জেলা পাবলিক হেলথ নার্স, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৫. | নার্সিং ইনস্ট্রাক্টর, সংশ্লিষ্ট কলেজ /ইনস্টিটিউট (০১ জন) | - সদস্য |
| ৬. | অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট | - সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি:-

(ক) কোর্স চলাকালীন অধ্যয়নরত শিক্ষার্থীদের স্বাস্থ্যগত সমস্যা, দীর্ঘদিন অসুস্থ থাকা, শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণে অপারগতাসহ বিবিধ বিষয় নিষ্পত্তি;
(খ) পারিবারিক ও অন্যান্য কারণে স্বেচ্ছায় ছাত্রত্ব/ছাত্রীত্ব বাতিলের আবেদন নিষ্পত্তি;
(গ) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দীর্ঘদিন শিক্ষা কার্যক্রমে অনুপস্থিতিসহ অন্যান্য শৃঙ্খলাজনিত সমস্যা সমাধান;
(ঘ) প্রতিষ্ঠানের নার্সিং/নন নার্সিং কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলা ভঙ্গজনিত সমস্যা সমাধান;
(ঙ) প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনায় তদারকিসহ সরকারি ক্রয় সংক্রান্ত বিধান অনুসরণ;
(চ) একাডেমিক ও শৃঙ্খলা কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণ; এবং
(ছ) উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ বাস্তবায়ন।

০২। এ আদেশ জারির প্রেক্ষিতে ইতোপূর্বে এ বিষয়ে জারিকৃত সকল আদেশ বাতিল বলে গণ্য হবে এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৯/০৬/২০২২

(সাগ্না দিবা)
উপসচিব
ফোন- ৫৫১০০৯৭৯

Letter 2022

নং- ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০২.২০২২-    তারিখঃ ০৯-০৬-২০২২ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা
৫। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, চিকিৎসা শিক্ষা অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৬। যুগ্মসচিবের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং শিক্ষা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(সারা দিবা)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শিক্ষা শাখা)
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.১১০.১৮-৩৩৩    তারিখ: ১৩/০৬/২০২২ খ্রি:।

বিষয়: পৃষ্ঠাংকন।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নার্সিং শিক্ষা শাখা) এর পত্র নং ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০২.২০২২-১২৮, তারিখ: ০৯/০৬/২০২২ খ্রি: মোতাবেক জারিকৃত আদেশটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

মো: রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা)
ফোন নম্বর: ০২-৪১০৮০৮১৭

১। অধ্যক্ষ,
নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিউট (সকল)
২। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট/ নার্সিং ওমিডওয়াইফারি কলেজ (সকল)।